SEM – 4 B.A. Education (General) National Education Movement Unit – II

CC – 1D (History of Education in India)

প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে জাতীয় শিক্ষা আন্দোলনের ভূমিকা –

(i) প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক ও অবৈতনিক করার জন্য সরকারি ও বেসরকারি সদস্য নিয়ে একটি কমিশন গঠন করা হোক।

(ii) স্বায়ত্ত শাসনমূলক সংস্থাকে প্রাথমিক শিক্ষার দায়িত্ব অর্পণ করা হোক।

(iii) শিক্ষার ব্যয়ভার সরকার ও স্বায়ত্ত শাসন ব্যবস্থা যৌথভাবে বহন করুক।

(iv) 33% শিক্ষার্থী যে সমস্ত অঞ্চলে শিক্ষালয়ে যাচ্ছে সেখানেই শিক্ষাকে অবৈতনিক করতে হবে।

প্রাথমিক শিক্ষা সংক্রান্ত প্রস্তাবগুলো সরকারের নিকট পেশ করলেও তা বাতিল হয়েছিল, ফলে ভারতীয় জাতীয় শিক্ষা আন্দোলন তীব্রতর হয়ে ওঠে, তবে সম্রাট পঞ্চম জর্জ রাজকোষ থেকে প্রতি বছর পঞ্চাশ লক্ষ টাকা প্রাথমিক শিক্ষা বিস্তারের জন্য মঞ্জুর করেন। তাই প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে এটি ছিল জাতীয় শিক্ষা আন্দোলনের একটি উল্লেখযোগ্য সাফল্য।



Scanned by CamScanner

## মাধ্যমিক ও উচ্চশিক্ষার ক্ষেত্রে জাতীয় শিক্ষা আন্দোলনের ভূমিকা —

লর্ড কার্জনের শিক্ষানীতি জাতীয় শিক্ষা আন্দোলনের সূচনা ঘটিয়েছিল। এই সময় কার্জন আশুতোষ মুখোপাধ্যায়কে কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিযুক্ত করেন। তবে আশুতোষ এই পদ গ্রহণ করায় জাতীয়তাবাদীরা সমালোচনা শুরু করেছিল। ব্রিটিশ শাসিত ভারতে বাঙালি আশুতোষ মুখোপাধ্যায় মাধ্যমিক ও উচ্চশিক্ষার ক্ষেত্রে ব্যাপক পরিবর্তন আনতে সক্ষম হয়েছিল। সেগুলি হল —

(i) মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিস্তারের জন্য বিদ্যালয় ও কলেজের অনুমোদন দ্বার খুলে দেয়।

(ii) কলিকাতা বিশ্ববিদ্যালয়ে স্নাতকোত্তর পঠন-পাঠন শুরু ~~করেন~~। করেন।

(iii) কলিকাতা বিশ্ববিদ্যালয়ে দেশের গুণী ব্যক্তিদের অধ্যাপক পদে নিযুক্ত করা হয়।

(iv) বিজ্ঞান কলেজ স্থাপন, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ভারতীয় ভাষা অধ্যয়নের ব্যবস্থা, আইন কলেজ স্থাপন (1909), ছাত্রাবাস স্থাপনও ছিল উল্লেখযোগ্য পদক্ষেপ।

(v) বিশ্ববিদ্যালয়ে নিজস্বতা রক্ষায় আশুতোষ মুখোপাধ্যায় তৎকালীন ব্রিটিশ সরকারের বিরুদ্ধে যে সংগ্রাম করেছিলেন তা আজকের দিনের উপাচার্যদের নিকট উদাহরণ স্বরূপ।



Scanned by CamScanner

জাতীয় শিক্ষা আন্দোলনের প্রথম পর্যায়ের ব্যর্থতা / সীমাবদ্ধতার / কারণ —

(i) জাতীয় শিক্ষা আন্দোলন স্বদেশী রাজনৈতিক আন্দোলনের সঙ্গে যুক্ত থাকায় যখন রাজনৈতিক আন্দোলনের তীব্রতা হ্রাস পায় তখন, এই আন্দোলনের ভাটা পড়ে।

(ii) জাতীয় শিক্ষা আন্দোলনের নেতারা বিভিন্নভাবে চেষ্টা করে ছিলেন। জাতীয় শিক্ষার জন্য প্রকৃত পরিকল্পনা করতে পারেনি, তাই আন্দোলনের সুদূর প্রসারী হয়নি।

(iii) জনমতের চাপে এই সময় সরকার শিক্ষার ক্ষেত্রে সুযোগ সুবিধার কথা বললে আন্দোলনের তীব্রতা কমে যায়।

(iv) সাধারণভাবে এই আন্দোলন সাধারণ মানুষের সমর্থন না পাওয়ায় বাধাপ্রাপ্ত হয়েছিল।

(v) এই আন্দোলন কেবলমাত্র বাংলার মধ্যেই সীমাবদ্ধ ছিল।

(vi) আন্দোলনের নেতৃবর্গ নিজস্বার্থকে প্রাধান্য দেওয়ায় জাতীয় শিক্ষা আন্দোলন তত সাফল্য হয়নি।

তবে জাতীয় শিক্ষা আন্দোলনের প্রথম পর্যায় ব্যর্থ হলেও জনসাধারণের শিক্ষাচেতনা সৃষ্টি করতে সক্ষম হয়েছিল, তাছাড়া এই আন্দোলন অসহযোগ আন্দোলনের ভিত্তি স্থাপিত করেছিল।



Scanned by CamScanner

জাতীয় শিক্ষা আন্দোলনের প্রথম ও দ্বিতীয় পর্যায়ের তুলনামূলক আলোচনা করো —

| জাতীয় শিক্ষা আন্দোলনের প্রথম পর্যায় | জাতীয় শিক্ষা আন্দোলনের দ্বিতীয় পর্যায় |
|---|---|
| i. জাতীয় শিক্ষার লক্ষ্যের কোন স্থিরতা ছিলনা। | i. জাতীয় শিক্ষার জন্য একক সমন্বয়ী লক্ষ্য স্থির করা হয়েছিল। |
| ii. জাতীয় শিক্ষা আন্দোলন কেবলমাত্র বাংলাদেশের মধ্যেই সীমাবদ্ধ ছিল। | ii. জাতীয় শিক্ষা আন্দোলন সারা ভারতবর্ষ ব্যাপী ছড়িয়ে পড়েছিল। |
| iii. জাতীয় শিক্ষা আন্দোলন কেবলমাত্র হিন্দু সম্প্রদায়ের উপর গুরুত্ব দিয়েছিল। এই জন্য মুসলিম সম্প্রদায় সক্রিয়ভাবে জাতীয় শিক্ষা আন্দোলনে অংশগ্রহণে বিরত ছিলেন। | iii. হিন্দু ও মুসলমান উভয় সম্প্রদায়ের নেতারা ও শিক্ষার্থীরা এই আন্দোলনে সক্রিয় ভাবে অংশগ্রহণ করেছিল। এই জন্য সারা ভারতবর্ষ ব্যাপী এই আন্দোলন ছড়িয়ে পড়েছিল। |
| iv. জাতীয় শিক্ষা আন্দোলনের প্রথম পর্যায় ছিল আবেগ কেন্দ্রিক ও অসংগত। | iv. জাতীয় শিক্ষা আন্দোলনের দ্বিতীয় পর্যায় ছিল অনেক বেশি সুসংবদ্ধ ও পরিকল্পিত। |
| v. জাতীয় শিক্ষা আন্দোলনে প্রথম পর্যায়ে প্রতিষ্ঠিত শিক্ষালয়গুলির পাঠ্যক্রমের মধ্যে কোন বৈচিত্র্য বা অভিনবত্ব ছিলনা। | v. তবে দ্বিতীয় শিক্ষা আন্দোলনের বেলায় প্রতিষ্ঠিত শিক্ষালয় গুলোর পাঠ্যক্রম ছিল স্বতন্ত্রধর্মী এবং বৈচিত্র্যময়। |



Scanned by CamScanner

# জাতীয় শিক্ষা আন্দোলনের তৃতীয় পর্যায়

জাতীয় শিক্ষা আন্দোলনের প্রথম ও দ্বিতীয় পর্যায়ের অভিজ্ঞতা থেকে [illegible] নেতৃবৃন্দ উপলব্ধি করেছিলেন যে শুধুমাত্র অনুপ্রেরণা থেকে জাতীয় শিক্ষাকে আন্দোলনকে সাফল্যমণ্ডিত / কার্যকরী করা যাবে না, তাই নেতৃবৃন্দ প্রথম আন্দোলনের পর তাঁরা করলেন, জাতীয় শিক্ষা আন্দোলনের কৌশলের ও পরিবর্তন ঘটালেন, সরকারের প্রতি সহযোগিতার নীতি গ্রহণ করলেন। গান্ধীজী ও কংগ্রেসের অন্যান্য নেতৃবর্গ 'জাতীয় শিক্ষা' প্রচারে প্রয়োজনীয়তা অনুভব করেন, ১৯৩৭ সালে 'হরিজন' পত্রিকায় ভারতের শিক্ষা পরিকল্পনার কথা তুলে ধরা হয়, এছাড়া শিক্ষা পরিকল্পনার বাস্তবায়নের জন্য ১৯৩৭ সালে প্রতিষ্ঠিত হল 'হিন্দুস্থান-তালিমী সংঘ', তাই তো 'Central Advisory Board of Education' (CABE) তৎকালীন শিক্ষা ব্যবস্থাকে জাতীয় শিক্ষা ব্যবস্থা রূপে স্বীকৃতি দিলেন, এছাড়া গান্ধীজী তাঁর শিক্ষা পরিকল্পনায় ১৯৩৮ খ্রীঃ কিছু পরিবর্তন সাধন করেন. এই পরিবর্তিত শিক্ষা পরিকল্পনার তিনি নাম দিলেন 'নঈ তালিম', এই নঈতালিম-ই হয়ে রইল জাতীয় শিক্ষা ব্যবস্থার মূল ভিত্তি। তাই তো 'বুনিয়াদী' শিক্ষা প্রত্যয়মূলক ভাবে অগ্রসর হতে লাগল।

পরিশেষে বলা যায় যে, জাতীয় শিক্ষা আন্দোলনের তৃতীয় পর্যায় বাস্তবে পূর্ণ না হলেও, ভারতমাতাকে তাদের ভালোবাসা, এক কার্যকরী জাতীয় শিক্ষা ব্যবস্থা উপহার দিতে সক্ষম হয়েছিল।



Scanned by CamScanner

শিক্ষায় ভারতীয় বাংলার জাতীয় শিক্ষা আন্দোলনের প্রভাব।
(স্বদেশী জাতীয় শিক্ষা আন্দোলন)

→ i. মাতৃভাষাকে শিক্ষার মাধ্যম হিসাবে গ্রহণ করা হয়েছিল।

ii. ভারতের নিজের ভাষার প্রতি মানুষের দৃষ্টি আকর্ষিত হয়েছিল এবং ইংরেজি শিক্ষার প্রবণতা মানুষের মধ্যে হ্রাস পেয়েছিল।

iii. জাতীয় ঐতিহ্য ও সংস্কৃতি গুরুত্ব পেয়েছিল।

iv. অবহেলিত ভাষা প্রাধান্য পেয়েছিল। এইজন্য হিন্দী সংযোগকারী ভাষা হিসাবে স্বীকৃতি পেয়েছিল।

v. জাতীয় চেতনা, স্বাজাত্যবোধ ভারতবাসীর মধ্যে জাগরিত হয়েছিল।

vi. কারিগরী ও বৃত্তি শিক্ষার প্রতিষ্ঠান চালু হওয়ায় জনগণের মধ্যে ব্যবহারিক জ্ঞানের প্রতি আগ্রহ বৃদ্ধি পায়।

vii. সর্বজনীন প্রাথমিক শিক্ষা সম্পর্কে ধারণা প্রসারিত হয়েছিল। এছাড়া বুনিয়াদী শিক্ষা পরিকল্পনাকে জনগণের গ্রহণযোগ্য সমাধান বলে মনে হয়েছিল।

viii. শিক্ষামূলক পরিকল্পনা ও প্রশাসনিক ব্যবস্থা সম্পর্কে ভারতীয়দের আত্মবিশ্বাস বাড়িয়ে তুলতে সক্ষম হয়েছিল।

ix. জাতীয় শিক্ষা আন্দোলন নারী শিক্ষা সম্পর্কে জনসাধারণকে সচেতন করেছিল।

তাই বলা যায় যে, জাতীয় শিক্ষা আন্দোলন ভারতীয় জনগণকে একটি সুসংহত জাতীয় শিক্ষা ব্যবস্থার প্রয়োজনীয়তা অনুভব করতে বাধ্য করেছিল।

(Last page)

Md. Samsuzzaman, Part-Time-Teacher,
Education Department,
Krishna Chandra College.
Date:- 27/4/2020

Scanned by CamScanner